

# ওয়্যারলেস রাউটার সেটআপ ও কনফিগারেশন পদ্ধতি

কে এম আলী রেজা

আমরা সবাই জানি, নেটওয়ার্ক ব্যবহারের ধরন ও বৈচিত্র্য ওয়্যারলেস নেটওয়ার্ক আবির্ভাবের সাথে সাথে বহুলাংশে পাশ্চিমে গেলো। একই সাথে সেটআপ পদ্ধতিও অনেক সহজ হয়েছে। আধুনিক যেকোনো অপারেটিং সিস্টেম বিশেষ করে উইন্ডোজ/লিনাক্স অপারেটিং সিস্টেম ওয়্যারলেস নেটওয়ার্ক সেটআপ এবং একে প্রয়োজনসমূহ পরিচালনা করার বিষয়টি খেতেই ভুল করতে পারেন। ওয়্যারলেস নেটওয়ার্ক সেটআপ করার জন্য প্রয়োজন যথাযথ ওয়্যারলেস ইন্টারফেস। এর মধ্যে সবচেয়ে প্রয়োজনীয় ডিভাইসটি হচ্ছে ওয়্যারলেস রাউটার। ওয়্যারলেস রাউটার সেটআপ এবং কনফিগারেশন নিয়ে এবার আলোচনা করা হয়েছে।

রাউটারের ফিজিক্যাল সেটআপ: রাউটার কনফিগারেশনের আগে একে কম্পিউটারের সাথে যুক্ত করতে হবে। রাউটারের প্যাকেট রাউটারের সাথে যেসব এক্সপেরিমেন্টাল আসবাবাদা করা করে নিতে হবে। প্রথমে অ্যান্টেনার সাহায্যে রাউটারে বিদ্যুৎ সরবরাহ নিতে হবে। এরপর ফোন কর্তা বা ক্যাবলের এক প্রান্ত মডেম এবং অপর প্রান্ত ওয়াল জাকে যুক্ত করা প্রয়োজন। ইথারনেট ক্যাবলের এক প্রান্ত মডেমে এবং অপর প্রান্ত রাউটারের WAN পোর্টে যুক্ত করতে হবে। অপর একটি ইথারনেট ক্যাবলের এক প্রান্ত রাউটারের LAN পোর্টে এবং অপর প্রান্ত কম্পিউটারের নেটওয়ার্কিং পোর্টে যুক্ত করতে হবে। একাধিক রাউটারের সাথে মডেম এবং কম্পিউটার সংযুক্ত সম্পন্ন করতে হবে।

রাউটারকে কম্পিউটারের সাথে যুক্ত করার পর আপনাকে নিশ্চিত হতে হবে কম্পিউটারের আইপি অ্যাড্রেস পাচ্ছে কি না এবং রাউটারের সাথে যোগাযোগ করতে সক্ষম হয়েছে কি না।

এ কাজটি করার জন্য কমান্ড প্রম্পটে গিয়ে ipconfig টাইপ করে এটির চাপলে আপনার কম্পিউটারে যেসব নেটওয়ার্ক অ্যান্টেনার (ওয়্যারলেস ও ওয়্যারলেস) থাকবে সেগুলোর আইপি অ্যাড্রেস দেখাবে।

প্রতিটি রাউটারের একটি ডিফল্ট আইপি অ্যাড্রেস থাকে। উদাহরণস্বরূপ লিঙ্কসিস নির্মিত

রাউটারের আইপি অ্যাড্রেসের রেঞ্জ হচ্ছে 192.168.1.1 থেকে 192.168.1.255। আপনার কম্পিউটারের আইপি অ্যাড্রেস যদি এ সীমার মধ্যে থাকে এবং ডিফল্ট গেটওয়ে হিসেবে 192.168.1.1 অ্যাড্রেস ব্যবহার করে, তাহলে বুঝতে হবে কম্পিউটারটি যথাযথভাবে



রাউটার অ্যাড্রেস পেইজ

রাউটারের সাথে যোগাযোগ করতে পারছে। রাউটারের সেটআপ, আইপি অ্যাড্রেস রেঞ্জ, ডিফল্ট গেটওয়ে ইত্যাদি বিষয়ে বিস্তারিত জানতে রাউটারের সাথে আসা অপারেশন ম্যানুয়ালগুলো অসামান্যতাই দেখে নিতে হবে।

রাউটার কনফিগারেশন: একটি নতুন ওয়্যারলেস রাউটার বক্স থেকে বের করে যখন নেটওয়ার্ক যুক্ত করবেন, তখন এর কোনো সিকিউরিটি বা এনক্রিপশন সেটআপ ব্যবস্থা সক্রিয় থাকে না। এ কারণে ওয়্যারলেস নেটওয়ার্কের নিরাপত্তা দিতে নেটওয়ার্ক সংযুক্ত করার পরই রাউটারের ডিফল্ট বা ফ্যাক্টরি সেটিং যেমন অ্যাডমিন পাসওয়ার্ড পরিবর্তন করতে হয়। এ পরিবর্তনের ফলে বাইরে থেকে অননুমোদিত কোনো ইউজার রাউটার বা ইন্টারনেট কোনো অ্যাড্রেস নিতে পারে না।

বেশিরভাগ রাউটারের সাথে সেটআপ ডিস্ক বা সিডি দেয়া হয়। তবে রাউটার সেটআপের জন্য এ ধরনের সিডি সাথে আসা বা থাকা আবশ্যিক নয়। ওয়েব ব্রাউজারের সাহায্যে আপনি অন্যান্যসে রাউটার সেটআপ করতে পারেন। রাউটার সেটআপের ধাপগুলো নিচে দেয়া হয়েছে:

০১. সেটআপের জন্য প্রথমে ওয়েব ব্রাউজার চালু করুন। এরপর অ্যাড্রেসবারে <http://192.168.1.1> টাইপ করে এটির চাপুন।

০২. ব্রাউজার এ পর্যায়ে লগইন প্রম্পটের মাধ্যমে ইউজার নেম এবং পাসওয়ার্ড জানতে চাইবে। রাউটারের সাথে আসা ইউজার ম্যানুয়াল

থেকে ইউজারনেম এবং পাসওয়ার্ড জানতে পারবেন। ইউজারনেম এবং পাসওয়ার্ডের ধরন রাউটারভেদে ভিন্ন হতে পারে। ম্যানুয়াল থেকে পাসওয়ার্ড এবং ইউজারনেম জেনে নিয়ে তা এন্ট্রি দিন।

০৩. এ পর্যায়ে রাউটার সেটআপ ক্রিনটি আপনার সামনে আসবে। এখানে বিভিন্ন কনফিগারেশন ট্যাবে ক্লিক করে রাউটারের যেকোনো সেটিং পরিবর্তন করতে পারেন। ওয়্যারলেস নেটওয়ার্কের সিকিউরিটি নিশ্চিত করার জন্য রাউটারের ডিফল্ট অ্যাডমিন পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। ওয়্যারলেস সেটিং পরিবর্তন করার জন্য উইন্ডোর ওয়্যারলেস ট্যাবে ক্লিক করুন।



রাউটারে ওয়্যারলেস সেটিং কনফিগারেশন ইন্টের

০৪. এবার ওয়্যারলেস সিকিউরিটি ট্যাবে ক্লিক করুন। এখানে রাউটারে যে ধরনের সিকিউরিটি এনক্রিপশন ব্যবহার করতে চান সেটি এবং সিকিউরিটি কি বা পাসফ্রেজ (Passphrase) নির্ধারণ করে দিতে পারেন। বর্তমানে ওয়্যারলেস সিকিউরিটি সিস্টেম হিসেবে WPA2 ব্যাপকভাবে ব্যবহার হচ্ছে। এটি পরীক্ষিত এবং নির্ভরযোগ্য একটি সিকিউরিটি ব্যবস্থা। সিকিউরিটি কি বা পাসফ্রেজ হিসেবে যেটি নির্ধারণ করবেন, সেটি অবশ্যই লিখে রাখতে হবে এবং তা একটি নিরাপদ জায়গায় সংরক্ষণ করতে হবে। ওয়্যারলেস সিকিউরিটি ট্যাবে উল্লিখিত প্যারামিটারগুলো এন্ট্রি দেয়ার পর সেভ সেটিংস বাটনে ক্লিক করে সেটি কার্যকর করুন।

০৫. এবার রাউটারের ডিফল্ট পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। এক্ষেত্রে প্রথমে আপনাকে অ্যাডমিনিস্ট্রেশন ট্যাবে ক্লিক করতে হবে। এ ট্যাবের অধীনে আপনি বেশ কয়েকটি কনফিগারেশন সেকশন দেখতে পাবেন। এর মধ্যে ম্যানেজমেন্ট সেকশনটি সিলেক্ট করতে হবে। এখানে আপনি রাউটারের ডিফল্ট পাসওয়ার্ড পরিবর্তন করতে পারেন। সেটিং সেভ করার পর নতুন পাসওয়ার্ড কার্যকর হবে। আপনি পরে রাউটারে অ্যাড্রেস নিতে চাইলে এ পাসওয়ার্ড ব্যবহার করতে হবে।

উপরেগোষ্ঠিত সেটিংগুলো ছাড়াও রাউটারের আরো কিছু সেটিং অপশন যেমন অ্যাক্সেস রেস্ট্রিকশন (Access Restriction) রয়েছে যেগুলো প্রয়োজনে কাজে লাগাতে পারেন এবং এসব সেটিংয়ের মাধ্যমে রাউটারের সিকিউরিটি ও বা নেটওয়ার্ক পারফরম্যান্স বাড়াতে পারেন।

ফিডব্যাক: [kazisham@yahoo.com](mailto:kazisham@yahoo.com)



ওয়্যারলেস রাউটার